# ফিলিপস ইন্ডিয়া লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৩, টাওয়ার 'এ', ডিএলএফ আইটি পার্ক, ০৮ ব্লক এএফ,
মেজর আর্টেরিয়াল রোড, নিউ টাউন (রাজারহাট), কলকাতা, পশ্চিমবঙ্গ– ৭০০১৫৬
CIN: U31902WB1930PLC006663
ফোন: +৯১ ১২৪ ৪৬০৬০০০, ফ্যাক্স: +৯১ ১২৪ ৪৬০৬৬৬৬, ওয়েবসাইট: www.philips.com

## কোম্পানির শেয়ারধারকদের প্রতি নোটিস

**ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড ('আইইপিএফ') কর্তৃপক্ষের কাছে ইকুইটি শেয়ারসমূহ স্থানান্তর**

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ('অ্যাক্ট')–এর ১২৪(৫) নং ধারার শর্তানুযায়ী কোম্পানির অপ্রদত্ত ডিভিডেন্ড অ্যাকাউন্টে স্থানান্তরিত যে কোনও অর্থাঙ্ক, যা এরূপ স্থানান্তরের তারিখ থেকে সাত (৭) বছর ধরে অপ্রদত্ত রয়েছে, তা কেন্দ্রীয় সরকার দ্বারা স্থাপিত আইইপিএফে স্থানান্তর করতে হবে।

পাশাপাশি, ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুল, ২০১৬ ('আইইপিএফ রুলস') সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১২৪(৬) নং ধারার সংস্থান অনুযায়ী, যে সকল শেয়ারের ওপর লভ্যাংশ উপর্যুপরি সাত (৭) বছর বা তারও বেশি সময় ধরে অপ্রদত্ত বা দাবিহীন রয়েছে, সেগুলিও এই কোম্পানির তরফে আইইপিএফ কর্তৃপক্ষের ডিম্যাট অ্যাকাউন্টে স্থানান্তর করতে হবে।

২০১৫–১৬ অর্থবর্ষে এবং এর পরে কোম্পানির তরফে ঘোষিত অপর সকল লভ্যাংশের জন্য দাবি জানাননি বা নগদীকরণ করাননি এমন এবং আইইপিএফ রুলসের অধীনে আইইপিএফ কর্তৃপক্ষের ডিম্যাট অ্যাকাউন্টে স্থানান্তরযোগ্য, এমন সকল শেয়ারধারকের রেজিস্টার্ড ঠিকানায় আলাদাভাবে বার্তা পাঠানো হচ্ছে। এরূপ সকল শেয়ারধারকের বিস্তারিত তথ্য (শেয়ারধারকগণের নাম, তাঁদের ফোলিও নম্বর বা ডিপিআইডি– ক্লায়েন্ট আইডি সমেত) কোম্পানির www.philips.com ওয়েবসাইটে 'Investor Relations' সেকশনে এই লিঙ্কে আপলোড করে দেওয়া হয়েছে: https://www.philips.co.in/a-w/about/philips-india-limited.html। আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তরযোগ্য শেয়ারগুলির বিশদ তথ্য জানার জন্য সংশ্লিষ্ট শেয়ারধারকগণ কোম্পানির ওয়েবসাইট দেখতে পারেন।

ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণকারী যে সকল শেয়ারধারকের শেয়ারগুলি আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তরযোগ্য, তাঁরা অনুগ্রহপূর্বক এই বিষয়টি খেয়াল রাখবেন যে, আইইপিএফ রুলস মোতাবেক আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তরের পরে ডিমেটিরিয়ালাইজেশনের জন্য তাঁদের ধারণ করা আসল শেয়ার সার্টিফিকেটগুলির পরিবর্তে এই কোম্পানি নতুন শেয়ার সার্টিফিকেট(সমূহ) ইস্যু করবে। এরূপ ইস্যুর পরে, সংশ্লিষ্ট শেয়ারধারকের নামে রেজিস্টার্ড আসল শেয়ার সার্টিফিকেটগুলি নিজে থেকেই বাতিল এবং অ–বিনিময়যোগ্য প্রতিপন্ন হবে। ডিম্যাট ফর্মে ধরা থাকলে এই কোম্পানি সংশ্লিষ্ট ডিপোজিটরির সঙ্গে কর্পোরেট ক্রিয়ার মাধ্যমে সংশ্লিষ্ট শেয়ারগুলি আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তর করবে।

উপরোক্ত বার্তা মোতাবেক শেয়ারধারকদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা এরূপ শেয়ার ও অপ্রদত্ত লভ্যাংশের দাবি জানানোর জন্য কোম্পানির রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ, কেফিন টেকনোলজিস লিমিটেড–এর কাছে প্রয়োজনীয় নথিগুলি পাঠিয়ে দেন। ৬ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে লভ্যাংশের জন্য দাবি না জানালে, যে সকল শেয়ারের প্রেক্ষিতে লভ্যাংশ দাবিহীন থাকবে, নতুন কোনও নোটিস জারি না করেই বিভিন্ন সময়ে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত বিজ্ঞপ্তি(গুলি) অনুসারে নির্ধারিত তারিখের মধ্যে সেগুলি আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তর করে দেওয়া হবে এবং এরূপে স্থানান্তরিত ইকুইটি শেয়ারগুলির প্রেক্ষিতে এই কোম্পানির বিরুদ্ধে কোনও দাবি বকেয়া রাখা চলবে না।

অনুগ্রহপূর্বক এই বিষয়টিও খেয়াল রাখবেন, এরূপ ইকুইটি শেয়ারগুলির ওপর উদ্ভূত যাবতীয় সুবিধাবলি (যদি থাকে) সমেত দাবিহীন লভ্যাংশ এবং সংশ্লিষ্ট শেয়ারগুলি আইইপিএফ কর্তৃপক্ষের কাছে স্থানান্তরের পরেও আইইপিএফ রুলসে নির্ধারিত পদ্ধতি অনুসরণে কেবলমাত্র আইইপিএফ কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়ে ফেরত পাওয়া যাবে।

উপরোক্ত বিষয়ে কোনও প্রশ্নের ব্যাখ্যা প্রয়োজন হলে শেয়ারধারকগণ কোম্পানির সঙ্গে এই ঠিকানায় যোগাযোগ করতে পারেন:

**মেসার্স কেফিন টেকনোলজিস লিমিটেড**
**ইউনিট: ফিলিপস ইন্ডিয়া লিমিটেড**
সেলেনিয়াম টাওয়ার 'বি', প্লট ৩১–৩২,
গচ্চিবৌলি, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, ননাক্রমগুড়া,
হায়দরাবাদ– ৫০০০৩২
টোল ফ্রি নম্বর: ৯১ ৪০ ৬৭১৬ ২২২২
ই–মেল: einward.ris@karvy.com

**ফিলিপস ইন্ডিয়া লিমিটেড–এর পক্ষে**
পূজা বেজী
পূর্ণমেয়াদী ডিরেক্টর ও কোম্পানি সেক্রেটারি
DIN No.: 06934281

তারিখ: ০২.০৮.২০২৩
স্থান: কলকাতা